

বরিশাল বিএম কলেজ

# উপাধ্যক্ষের যোগদানে ছাত্রলীগের বাধা

বরিশাল অফিস ২৪ মে, ২০২১ ০০:০০ | পড়া যাবে ১ মিনিটে

প্রিন্ট

অধ্যাপক কাইউম উদ্দিন আহমেদ। গত বৃহস্পতিবার তিনি বরিশাল সরকারি ব্রজমোহন অ- অ অ+ (বিএম) কলেজের ইতিহাস বিভাগের চেয়ারম্যান পদ থেকে উপাধ্যক্ষ পদে পদোন্নতি পান।

২০০৯ সাল থেকে টানা ১০ বছর কলেজের শিক্ষক পরিষদের সম্পাদক ছিলেন তিনি। গতকাল নতুন পদে যোগ দেওয়ার কথা ছিল কাইউম উদ্দিনের। এর আগেই ছাত্রলীগকর্মীরা বিক্ষোভ করে প্রশাসনিক ভবন ও উপাধ্যক্ষের কক্ষে তালা ঝুলিয়ে দেয়।

জানা যায়, ‘সাধারণ ছাত্র’ ব্যানারে ছাত্রলীগকর্মীরা গতকাল দিনভর কলেজের প্রশাসনিক ভবনের সামনে অবস্থান নিয়ে বিক্ষোভ দেখায়। এক পর্যায়ে তারা প্রশাসনিক ভবন ও উপাধ্যক্ষের কক্ষে তালা ঝুলিয়ে দেয়। তারা অধ্যাপক কাইউম উদ্দিনকে দুর্নীতিবাজ আখ্য দিলেও সুনির্দিষ্ট কোনো তথ্য-প্রমাণ দিতে পারেনি। আন্দোলনকারীরা জেলা ছাত্রলীগের সহসভাপতি আতিকুল্লাহ মুনীমের অনুসারী।

অধ্যাপক কাইউম উদ্দিন অভিযোগ করেন, ‘শিক্ষক পরিষদের বর্তমান সম্পাদক আল আমিন সরোয়ারের ইন্দ্রনে উপাধ্যক্ষ পদে তাঁর যোগদানবিরোধী আন্দোলন হচ্ছে।’

অভিযুক্ত আল আমিন দাবি করেন, ‘জেলা ছাত্রলীগের সহসভাপতি আতিকুল্লাহ মুনীম বিএম কলেজ ছাত্রলীগের নেতৃত্ব দেন। তাঁর অনুসারী কর্মীরাই গতকাল কলেজ ক্যাম্পাসে নবাগত উপাধ্যক্ষবিরোধী আন্দোলনে ছিলেন।’